

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
www.orgbdr.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩৩.০৫৭.২১-৫৯৬

তারিখঃ ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিষয়ঃ ১২-১৮ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে জন্ম নিবন্ধন বিষয়ে নির্দেশনা।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.০৬.১৯-২৩৭, তারিখঃ ৩০ ডিসেম্বর, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ১২-১৮ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের নিমিত্ত সুরক্ষা অ্যাপের মাধ্যমে নিবন্ধন কাজ শুরু হয়েছে। বিদ্যালয়ে ভর্তির সময় জন্ম নিবন্ধন বাধ্যতামূলক হলেও এখনো অনেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ নেই মর্মে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় অবগত হয়েছে। অথচ সুরক্ষা অ্যাপের মাধ্যমে শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য জন্ম নিবন্ধন আবশ্যিক। ২০০১ সালের পর জন্ম নেয়া শিশুর জন্ম নিবন্ধনের ক্ষেত্রে BDRIS Software এ পিতা-মাতার জন্ম নিবন্ধন নম্বর প্রদানের বিধান আছে। ১২-১৮ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের নিমিত্ত সুরক্ষা অ্যাপের মাধ্যমে নিবন্ধনের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পিতা-মাতার জন্ম নিবন্ধন ব্যতীত শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। ১২-১৮ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের নিমিত্ত সুরক্ষা অ্যাপের মাধ্যমে নিবন্ধন সম্পাদন করার নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রদত্ত সনদের ভিত্তিতে প্রয়োজনে পিতা-মাতার জন্ম নিবন্ধন ব্যতীত ন্যূনতম সময়ে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। তবে পরবর্তীতে দ্রুততম সময়ের মধ্যে পিতা মাতার জন্ম নিবন্ধন সম্পন্ন করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নির্দেশনা জারী করা হল।

(মোঃ ওসমান ডুইয়া)

ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (উপসচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোনঃ ০২২২৩৩৫৫৮৯২

ই-মেইলঃ drg@lgd.gov.bd

বিতরণ: কর্যার্থে প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)
- ৪। এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টমেন্ট বোর্ড (সকল)
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)
- ৬। মেয়র, পৌরসভা (সকল পৌরসভা)
- ৭। চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২। বিভাগীয় কমিশনার (সকল)